মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার ১৬ই এপ্রিল বিকেল পাঁচটার সময় সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র আয়োজনে নীলমনি হলপাড়া ঈদগাহ মাঠে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ ।

সম্মেলন মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, যুগ্ম আহবায়ক রাকিবুল ইসলাম সজল, যুবদল নেতা মশিউল আলম দ্বীপু, মীর জাহাঙ্গীর, যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, সুইট, জনি সহ শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলনে নতুন কমিটির সভাপতি ফজলুর রহমান সাধারণ সম্পাদক আলম নির্বাচিত হন।

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের

পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইট, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা সহ সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নে শহিদুল ইসলাম পেরেশানের গণসংযোগ

শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় রাখতে ও উন্নয়নের ধারা অব্যাহত রেখে স্মার্ট বাংলাদেশ গড়তে মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের উদ্যোগে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকেলে শ্যামপুর ইউনিয়নের নতুন মদনা ডাংগা বাজারে এই গণসংযোগ অনুষ্ঠিত হয়।

এ সময় গণসংযোগ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ‘২০০১ থেকে ২০০৭ সাল পর্যন্ত বিএনপি জামায়াত জোট সরকার আমলে নির্যাতিত হয়েও যারা দলের জন্য নিবেদিত প্রাণ ছিলো, যাদের ছাড়া আওয়ামী লীগ কোন মিছিল মিটিং বের করতে পারতো না তারা আজ কোথায়? এর জবাব দিতে হবে। যে নেতার বাড়ি যেয়ে নেতা কর্মীদের ধাক্কা খেয়ে বের হয়ে আসতে হয় সে নেতাকে আমরা চাই না।’

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন।

জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান বলেন, ‘আমি যখন ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ছিলাম, তৎকালীন কলেজ ছাত্রলীগ ও জেলা ছাত্রলীগের সভাপতি ছিলো মাছুদ খান লিংকন। তিনি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছিলেন। যেদিন তার জানাজা হয় সেদিন কতিপয় নেতার সাথে আমাদের নেতা লিংকনের জানাজায় না এসে এক কনসার্টে যোগ দিয়েছিলেন। এমন নেতা আমরা চাই না।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আতিক স্বপন সঞ্চালনায় শ্যামপুর ইউনিয়ন আওয়ামী যুবলীগের সভাপতি আবুল হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন জেলা আওয়ামী লীগের সদস্য ও মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, মাগুড়ার যুবলীগ নেতা ও কুছন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান বাকি বিল্লা শান্টু, কুস্টিয়া পৌর আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক আশরাফুল আলম রুবেল, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগ এর যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল রানা, সদর থানা যুবলীগের যুগ্ন আহবায়ক সাজেদুর রহমান সাজু, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সেক্রেটারি ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ঐশী, ছাত্রলীগ নেতা ইব্রাহিম আওয়ামী লীগ ও যুবলীগ এবং ছাত্রলীগের বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

নতুন জনপ্রতিনিধি পাবে নবগঠিত শ্যামপুর ইউনিয়নের ভোটার

প্রথম জনপ্রতিনিধির স্বাদ পেতে যাচ্ছে নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের জনগণ। নবগঠিত এই ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের নৌকার প্রার্থী বিহীন ভোট হবে প্রথম বছরেই।

নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনের চেয়ারম্যান, সাধারণ ও সংরক্ষিত নারী সদস্য প্রার্থীরা তাদের প্রচার-প্রচারণা চালিয়েছেন পূর্ণমাত্রাই।

আমঝুপি ইউনিয়ন কে ভেঙে শ্যামপুর ইউনিয়ন করা হয়েছে। স্বাভাবিক কারণে নির্বাচনে নতুন মাত্রা যোগ করেছে এবার।

নবগঠিত শ্যামপুর ইউনিয়নের সাধারণ ভোটারদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

এই শ্যামপুর ইউনিয়নে প্রথম চেয়ারম্যান, মেম্বার এবং সংরক্ষিত মহিলা মেম্বার হওয়ার লক্ষ্যে প্রার্থীরা মরিয়া হয়ে উঠেছেন। তবে কারা এই ইউনিয়নের প্রথম জনপ্রতিনিধি হতে যাচ্ছেন তা দেখতে অপেক্ষা করতে হবে এখন কয়েক ঘন্টা।

শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান পদে ৭ জনপ্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এরা হলেন আক্তার হোসেন (অটোরিকশা), মতিয়ার রহমান (চশমা), খিলাফত আলী (নাঙ্গল), আবুল হাসেম (ঘোড়া), কামরুল হাসান (আনারস), আব্দুল বারী (ঢোল), ও নয়ন হাবিব (মোটরসাইকেল)।

নবগঠিত এই ইউনিয়নে ঝাউবাড়িয়া, দীঘিরপাড়া, রামনগর, গোপালপুর, বসন্তপুর, শ্যামপুর, আলমপুর, মদনাডাঙ্গা, ধুঁষারপাড়া, বেলতলাপাড়া, বেলেগাড়ি গ্রাম নিয়ে এই ইউনিয়ন গঠিত হয়েছে।

নবগঠিত এই ইউনিয়নে মোট ভোটার সংখ্যা ১৭ হাজার ২১৪ জন। এদের মধ্যে পুরুষ ভোটার ৮৬০৬ জন ও নারী ভোটার সংখ্যা ৮৬০৮ জন।

মোট ভোটারের মধ্যে ১ নং ওয়ার্ডে রয়েছে ১ হাজার ৬৩০ জন, ২ নং ওয়ার্ডে ১ হাজার ৯৫৪ জন, ৩ নং ওয়ার্ডে ২ হাজার ২৮৯ জন, ৪ নং ওয়ার্ডে ১ হাজার ৫০১ জন, ৫ নং ওয়ার্ডে ২ হাজার ৬০ জন, ৬ নং ওয়ার্ডে ১ হাজার ৭২৪ জন, ৭ নং ওয়ার্ডে ১ হাজার ৯৭২ জন, ৮ নং ওয়ার্ডে ১ হাজার ৬৭৯ এবং ৯ নং ওয়ার্ডে ২ হাজার ৪০৫ জন ভোটার রয়েছে।

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়নের মোট ৯ টি কেন্দ্রে ৫৪ টি কক্ষে ভোট গ্রহণ চলবে।

সংরক্ষিত সদস্য পদে ১ নং ওয়ার্ডে আসমা খাতুন (বক), রুপালি খাতুন (তালগাছ), কাকলী খাতুন (জিরাফ), সিমা খাতুন (মাইক), ২ নং ওয়ার্ডে ফজিলা খাতুন(মাইক), মনোয়ারা খাতুন(বক),সোনিয়া আক্তার (তালগাছ), ৩ নং ওয়ার্ডে আরিফা খাতুন (মাইক), নাশেদা আক্তার (বক), নাজমা আক্তার (তালগাছ), ফাহিমা খাতুন (সূর্যমুখী ফুল) ও মাজেদা খাতুন (জিরাফ)।

এছাড়াও শ্যামপুর ইউনিয়নের সাধারণ সদস্য পদে ১ নং ওয়ার্ডে জহুর আলী (তালা), এস এম ইকবাল (ঘুড়ি), আব্বাসউদ্দীন (টিউবওয়েল), সলেমান (মোরগ), চাঁদ আলী (ফুটবল), আলমগীর হোসেন (বৈদ্যুতিক পাখা), ২ নং ওয়ার্ডে রবিউল ইসলাম (মোরগ), আনারুল ইসলাম (তালা), মোয়াজ্জেম হোসেন (ফুটবল), আব্দুল হান্নান (টিউবওয়েল), ৩ নং ওয়ার্ডে আব্দুল আজিজ (মোরগ), শহিদুর রহমান (টিউবওয়েল), একরামুল হক (ফুটবল), ৪নং ওয়ার্ডে তরিকুল ইসলাম (আপেল), শামিম রেজা (মোরগ), সবুজ জোয়ার্দার (বৈদ্যুতিক পাখা), সুজন জোয়ারদার (ঘুড়ি), আব্দুর রাজ্জাক (তালা), তারিকুল ইসলাম (ফুটবল), বাবুল হক (ক্রিকেট ব্যাট), আরিফুল (টিউবওয়েল), ৫ নং ওয়ার্ডে আওলাদ

হোসেন (ফুটবল) বদরুদ্দীন (টিউবওয়েল), ৬ নং ওয়ার্ডে রবিউল ইসলাম (ঘুড়ি), মতিয়ার রহমান (মোরগ), আবুল হাশেম (টিউবওয়েল), আব্দুস সালাম (ফুটবল), আবুল কালাম আজাদ (বৈদ্যুতিক ফ্যান), মুজিবুর রহমান (তালা